'সর্ব্বগুহাশয়' আমাতে গঙ্গাজলের সিন্ধুতে নির্ব্বাধ গতির মত অবিচ্ছিন্না মানসগতি প্রবাহিত হয়, সেই অবস্থায় ভক্তিটি নির্গুণা। এস্থানে 'গুহাশয়' শব্দের অর্থ প্রাকৃত 'গুণময় সকল ইন্দ্রিয়গণের অগোচর যেস্থান, সেইস্থানে গুহ্য ও নিশ্চলভাবে যিনি অবস্থান করেন, তিনি 'গুহাশয়'। অবিচ্ছিন্না শব্দের অর্থ কোনও বিষয়ান্তরের দ্বারা যে ভগবদ্বিষয়িণী মনোবৃত্তি বিচ্ছিন্না হয় না। নির্গুণ ভক্তিযোগের ইহাই লক্ষণ অর্থাৎ স্বরূপ। এইস্থানে একটি প্রশ্ন উপস্থিত হইতে পারে যে—যাহাতে কোনও উদ্দেশ্য নাই এবং যে ভগবান্ মনের অবিষয়, সেই ভগবানের গুণ কোন প্রকারেই এমন তেমন করিয়া নির্দ্দেশ করা অসম্ভব। অতএব, শ্রীভগবানের গুণ শ্রবণ কেমন করিয়া হইতে পারে? তাহারই উত্তরে বলিতেছেন—যে ভক্তি অহৈতুকী অর্থাৎ ফলানুসন্ধানশূন্যা, অব্যবহিতা—স্বরূপসিদ্ধা ভক্তি সাক্ষাৎরূপা কিন্তু আরোপসিদ্ধা ভক্তির মত জ্ঞান-কর্ম্মাদি ব্যবধানযুক্ত নয়। সেই প্রকার যে ভক্তিটি শ্রোত্র প্রভৃতি ইন্দ্রিয় দ্বারা তাঁহার কথাদি সেবনমাত্র সেইটিই নির্গুণ ভক্তিযোগের স্বরূপ। মূল শ্লোকে "মদ্‌গুণশ্রুতিমাত্রেণ" এই স্থানে মাত্র পদ উল্লেখ থাকায় এবং "মনোগতিরবিচ্ছিন্না" এই স্থানে 'অবিচ্ছিন্না' পদ উল্লেখ করায়, মনোগতির অহৈতুকী প্রভৃতি ধর্ম্ম স্বতঃসিদ্ধ হওয়ায়, পৃথকভাবে অহৈতুকী, অব্যবহিতা প্রভৃতি পদ প্রয়োগ করিবার প্রয়োজন না থাকিলেও সুস্পষ্টভাবে বুঝাইবার জন্য যোজনা করিবার উদ্দেশ্য এই যে—১১।১৯ অধ্যায়ে "সাত্ত্বিকঃ কারকোঽসঙ্গ" ইত্যাদি শ্লোকে এবং "নির্গুণোমদপাশ্রয়ঃ" ইত্যাদি শ্লোকের দ্বারা ভাগবদাশ্রিত ক্রিয়া প্রভৃতির নির্গুণত্ব স্থাপন করায় এবং "মাং ভজনি গুণাঃ সর্ব্বে নির্গুণং নিরপেক্ষকং। সুহৃদং সর্ব্বভূতানাং সাম্যাসঙ্গাদয়ো গুণাঃ।" সর্ব্বভূতগণের সুহৃদ সর্ব্ব-নিরপেক্ষক প্রাকৃত গুণাতীত আমাকে সাম্য এবং অসঙ্গ প্রভৃতি অপ্রাকৃত গুণসকল ভজন করিয়া থাকে ইত্যাদি শ্লোকে ভগবদ্‌গুণের অপ্রাকৃতত্ব প্রদর্শন করিয়া নির্গুণাভক্তি যে অহৈতুকী অর্থাৎ ফলাভিসন্ধিশূন্য তাহাই বিশেষ করিয়া দেখাইতেছেন—হে মাতঃ। যাহারা আমার মানুষ, তাহারা সালোক্য (সমান লোকে বাসে অধিকার), সার্ষ্টি (শ্রীভগবানের-সমান ঐশ্বর্য্য প্রাপ্তি), সারূপ্য (শ্রীভগবানের সমানরূপ প্রাপ্তি), সামীপ্য (শ্রীভগবানের সমীপে যাইবার অধিকার লাভ), একত্ব (ব্রহ্ম বা ঈশ্বর-সাযুজ্যপ্রাপ্তি)—এই পঞ্চপ্রকার মুক্তির মধ্যে 'একত্ব' অর্থাৎ ঈশ্বরসাযুজ্য ও ব্রহ্মসাযুজ্য মুক্তিতে ব্রহ্মে লীন হওয়াতেই তাৎপর্য্য থাকে বলিয়া কোনও ভগবৎসেবায় অনুকূল হয় না; এইজন্য সেবক পুরুষার্থিগণ সাযুজ্যমুক্তি